

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ
১৩২ নিউ ইস্কাটন, ঢাকা-১০০০
www.bnswc.gov.bd

বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ সভার কার্যবিবরণী

সভাপতিঃ : রাশেদ খান মেনন এমপি
মন্ত্রী
সমাজকল্যাণ মন্ত্রণালয়
ও
সভাপতি
বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ
সভার তারিখ : ২৩.০৪.২০১৮ খ্রি.
সময় : দুপুর ১০.০০ টা
সভার স্থান : বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের সভাকক্ষ

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশ করা হলোঃ

পবিত্র কুরআন তেলাওয়াতের মাধ্যমে সভা আরম্ভ করা হয়। সভাপতি উপস্থিত সম্মানিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। উপস্থিত সকল সদস্যের পরিচয় এবং পারস্পারিক কুশল বিনিময়ের পর সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য সমাজকল্যাণ পরিষদের নির্বাহী সচিব (কমিটির সদস্যসচিব) কে সভাপতি আহ্বান জানান। আলোচ্যসূচি অনুযায়ী সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় সম্মানিত পরিষদ সদস্যদের উদ্দেশ্যে স্বাগত বক্তব্য উপস্থাপন করেন। আলোচনার শুরুতে ২৭.০৪.২০১৭ খ্রি. তারিখে অনুষ্ঠিত ৪২তম সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় দৃঢ়করণ করা হয়।। অতঃপর উক্ত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি বিস্তারিতভাবে পর্যালোচনা করা হয়। পরবর্তীতে, এ সভার বিজ্ঞপ্তি অনুযায়ী আলোচ্যসূচির আলোকে প্রস্তুতকৃত কার্যপত্র উপস্থাপন করার জন্য সভাপতি পুনরায় সদস্যসচিবকে আহ্বান জানান। সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং আলোচ্যসূচি বিস্তারিতভাবে আলোচনা ও নিম্ন-রূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

৪২তম সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা

ক্রমিক নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১।	পরিষদের আইন প্রণয়ন	সভায় আলোচনা হয় যে, জাতীয় সমাজকল্যাণ পরিষদ আইন ২০১৭ শিরোনামে প্রণীত খসড়া আন্তঃমন্ত্রণালয় সভায় অনুমোদনের পরবর্তী কার্যক্রমের জন্য মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়। বাংলাভাষা বাস্তবায়ন কোষ থেকে খসড়া আইনটি প্রমিতকরণ শেষে ৮ ফেব্রুয়ারি এবং ১৬ এপ্রিল, ২০১৮ খ্রি. তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে ২টি সভা অনুষ্ঠিত হয়েছে। সভার পর্যবেক্ষণ অনুযায়ী জাতীয় সমাজকল্যাণ পরিষদ আইন, ২০১৮' নামে আইনের খসড়াটি প্রায় চূড়ান্ত পর্যায়ে আছে।	পরিষদ আইনটির খসড়া দ্রুততার সাথে চূড়ান্ত করতে হবে।	নির্বাহী সচিব জাতীয় সমাজকল্যাণ পরিষদ
২।	সমাজকল্যাণ ভবন নির্মাণ	সভায় জানানো হয় যে, সমাজকল্যাণ ভবন নির্মাণের জন্য স্থাপত্য অধিদপ্তরের মাধ্যমে Architectural, Structural এবং Engineering Design করানো হয়েছে। Design অনুযায়ী DPP প্রণয়ন করা হয়েছে। DPP মন্ত্রণালয়ে যাচাই-বাছাইয়ের পর পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট বিভাগে প্রেরণ করা হলে গত	সমাজকল্যাণ ভবন নির্মাণের ডিপিপি অনুমোদনের কাজ দ্রুততার সাথে নিষ্পন্ন করতে হবে	নির্বাহী সচিব জাতীয় সমাজকল্যাণ পরিষদ

